(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)

**হজ অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৪০.০২৭.২৫(অংশ)-১৮

তারিখ: ২২ পৌষ ১৪৩২ / ০৬ জানুয়ারি ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৬ সনের হজযাত্রীদের টিকা গ্রহণের পূর্বে সরকারি হাসপাতাল হতে স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত।**

সূত্র: স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃ/রোনিঃ/হজ/প্রশাসন/২০১৮/অংশ-১/৫৩৩২(১০০), তারিখ: ২৩/১২/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে হজ ২০২৬ সনের সম্মানিত হজযাত্রীদের টিকা গ্রহণের পূর্বে আগামী ২৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত স্বাস্থ্য পরীক্ষাসমূহ যেকোন সরকারি হাসপাতাল হতে সম্পন্ন করতে হবে:

- Urine R/M/E
- Random Blood Sugar (R.B.S)
- X-ray Chest P/A view (রিপোর্টসহ)
- ECG (রিপোর্টসহ)
- Serum Creatinine
- Complete Blood Count (CBC with ESR)
- Blood Grouping and Rh Typing

০২। উপরিউক্ত পরীক্ষাসমূহ ছাড়াও দূরারোগ্য ব্যাধি (প্রযোজ্য ক্ষেত্রে) নির্ণয়ের জন্য নিম্নবর্ণিত পরীক্ষা করতে হবে:

১। সন্দেহজনক হৃদপিন্ডের অকৃতকার্যতার পরীক্ষাঃ- Echocrdiography

২। কিডনী জটিলতার ক্ষেত্রেঃ S. Creatinine, USG of KUB

৩। সন্দেহজনক লিভার সিরোসিস রোগের ক্ষেত্রে- USG Whole abdomen, Endoscopy of upper GIT.

৪। দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ সনাক্তকরণে-Sputum for AFB, CTScan of chest, Serum bilirubin, SGPT, Albumin Globubin ratio.

০৩। হজযাত্রী কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ও ই-হেলথ প্রোফাইল কপি নির্ধারিত টিকা কেন্দ্রে মেডিকেল টিমের নিকট দাখিল করত: টিকা গ্রহণ করে স্বাস্থ্য সনদ গ্রহণ করতে হবে।

০৪। যে কোন তথ্যের জন্য হজের কল সেন্টার ১৬১৩৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

০৬/১/২০২৬

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন :+৮৮-০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd